শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সপ্তম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান

## শিক্ষাবর্ষ : ২০২৩

ভূমিকা:

প্রিয় শিক্ষক, আপনি ইতোমধ্যেই জানেন, নতুন শিক্ষাক্রম অনুযায়ী প্রতিটি বিষয়ের ক্ষেত্রে বছরে দুইটি সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি বছরের শুরুর ছয় মাসের শিখন কার্যক্রমের উপর ভিত্তি করে পরিকল্পনা করা হবে। এই নির্দেশিকায় ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের প্রথম সামষ্টিক মূল্যায়ন কীভাবে পরিচালনা করবেন সে বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া আছে।

শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে বিভিন্ন শিখন অভিজ্ঞতা চলাকালে শিক্ষার্থীদের পারদর্শিতার উপর ভিত্তি করে আপনারা মূল্যায়ন করেছেন। সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রেও অনুরূপ একটি নির্ধারিত কাজ শিক্ষার্থীরা সমাধা করবে, এই কাজ চলাকালে শিক্ষার্থীদের অংশগ্রহণ, কাজের প্রক্রিয়া ইত্যাদি সবকিছুই মূল্যায়নের ক্ষেত্রে বিবেচিত হবে। মূল্যায়নের নির্ধারিত কাজ ঘোষণা থেকে শুরু করে এই কার্যক্রম চলাকালে বিভিন্নভাবে আপনি শিক্ষার্থীকে সহায়তা দেবেন, তবে কাজের প্রক্রিয়া কী হবে বা সমস্যা সমাধান কীভাবে করতে হবে তা শিক্ষার্থীরাই নির্ধারণ করবে।

পরিশিষ্ট-১ এ ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্য সংগ্রহের জন্য ছক সংযুক্ত করা আছে। শিখনকালীন মূল্যায়নের মতোই এই ছক ব্যবহার করে নির্ধারিত পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর শিখন অর্জনের মাত্রা নিরূপণ করতে হবে।

সাধারণ নির্দেশনা:

- শুরুতেই ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের মূল্যায়ন কিভাবে পরিচালিত হবে তার নিয়মাবলি শিক্ষার্থীদের জানাবেন।
- উপস্থাপনে যথাসম্ভব বিনামূল্যের উপকরণ ব্যবহার করতে নির্দেশনা দেবেন। শিক্ষার্থীদের মনে করিয়ে দিন, মডেল / পোস্টার / ছবি ইত্যাদির চাকচিক্যে মূল্যায়নে হেরফের হবে না। বরং বিনামূল্যের বা স্বল্পমূল্যের, সম্ভব হলে ফেলনা জিনিস ব্যবহারে উৎসাহ দিন।
- বিষয়ভিত্তিক তথ্যের প্রয়োজনে শিক্ষকের সহায়তায় যেকোনো উৎস শিক্ষার্থী ব্যবহার করতে পারবে। তবে কোনো উৎস থেকেই হুবহু তথ্য তুলে দেয়ায় উৎসাহ দেবেন না, বরং তথ্য ব্যবহার করে সে নির্ধারিত সমস্যার সমাধান করতে পারছে কি না এবং সিদ্ধান্ত নিতে পারছে কি না তার উপর ভিত্তি করে মূল্যায়ন করবেন।

**শিখনকালীন মূল্যায়ন:**

৭ম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন ট্রান্সক্রিপ্টে শিখনকালীন মূল্যায়নের তথ্য হিসেবে যে পারদর্শিতার সূচকের মাত্রাসমূহ অন্তর্ভুক্ত হবে সেগুলো নিচের ছকে দেয়া হলো। পাশাপাশি এই সূচকসমূহ যেসব যোগ্যতা মূল্যায়নে ব্যবহৃত হবে এবং যেসব অভিজ্ঞতা চলাকালে এই সূচকের মাত্রা নিরূপিত হবে তাও এখানে উল্লেখ করা হয়েছে।

| শিখন অভিজ্ঞতা | প্রাসঙ্গিক যোগ্যতা | পারদর্শিতার নির্দেশক |
|---|---|---|
| ১। **যৌক্তিক সিদ্ধান্ত নেওয়া যায় কীভাবে?** | ৭.১ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছানো এবং সামাজিক কাঠামো রীতিনীতি ও মূল্যবোধ যে ধ্রুব নয় বরং প্রেক্ষাপট অনুযায়ী পরিবর্তিত হতে পারে তা হৃদয়ঙ্গম করতে পারা | ৭.১.১ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে।<br><br>৭.১.২ ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। |
| ২। **সম্প্রদায়** | ৭.২ নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা উপলব্ধি করে সহযোগিতার ভিত্তিতে পারস্পরিক সম্পর্ক স্থাপন করতে পারা | ৭.২.২ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। |

**সামষ্টিক মূল্যায়ন**

কাজের শিরোনাম: সামাজিক অনুসন্ধান ও দায়বদ্ধতা

প্রাসঙ্গিক যোগ্যতা

- ৭.১ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছানো এবং সামাজিক কাঠামো রীতিনীতি ও মূল্যবোধ যে ধ্রুব নয় বরং প্রেক্ষাপট অনুযায়ী পরিবর্তিত হতে পারে তা হৃদয়ঙ্গম করতে পারা
- ৭.২ নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা উপলব্ধি করে সহযোগিতার ভিত্তিতে পারস্পরিক সম্পর্ক স্থাপন করতে পারা

সারসংক্ষেপ:

শিক্ষার্থীরা দলগত ভাবে ভাগ হয়ে প্রতি দল বিভিন্ন পেশাজীবি সম্প্রদায়ের মধ্যে যেকোন ১টি সম্প্রদায়ের জীবন ও সামাজিক সমস্যাগুলো সম্পর্কে অনুসন্ধান করবে। অনুসন্ধানের প্রশ্নপত্র শিক্ষকের সামনে তৈরি করে নিজেরা তথ্য সংগ্রহ করবে। তথ্য সংগ্রহের জন্য শিক্ষার্থীর দল স্কুলের পরে নির্বাচিত সম্প্রদায়ের ২ প্রজন্মের ২ জন ব্যাক্তির সাথে কথা বলবে। প্রয়োজনে তারা অভিভাবক বা ইন্টারনেট এর সহযোগিতা নিতে পারবে। সাক্ষাৎকার নেওয়ার সময় প্রশ্নমালা ব্যবহার করে তারা সেই সম্প্রদায়ের পূর্বের রীতিনীতি ও মূল্যবোধ বর্তমান রীতিনীতি ও মূল্যবোধ দুটো তথ্য সম্প্রদায়ের দুই প্রজন্মের কাছ থেকে অনুসন্ধান করে তথ্য  লিপিবদ্ধ করবে। মূল্যায়নের দিন শিক্ষার্থীরা শিক্ষকের সামনে বসে সেই সম্প্রদায়ের পূর্বের ও বর্তমানের রীতিনীতি ও মূল্যায়নের মধ্যে পার্থক্যসমূহ এককভাবে চিহ্নিত করবে। সক্রিয় নাগরিক ক্লাবের মাধ্যমে এই সম্প্রদায়ের সামাজিক যেই সমস্যাগুলো তা অনুসন্ধানের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি সামাজিক সচেতনতামূলক পদক্ষেপ ক্লাসে বাস্তবায়ন করবে। দল তৈরি করার সময় বা কাজটি যদি করার ক্ষেত্রে কোন শিক্ষার্থীর বিশেষ প্রয়োজন থাকে (ইনক্লুসিভ করতে হলে) শিক্ষক ও অভিভাবক এবং বাকি শিক্ষার্থীরা যেন তাকে সাহায্য করে সে দিকে মনোযোগ দিতে হবে।

## সপ্তম শ্রেণির জন্য অর্ধবার্ষিক সামষ্টিক মূল্যায়ন এর নির্দেশিকা

| শ্রেণি | যোগ্যতা | অভিজ্ঞতা | পি আই | প্রস্তুতিমূলক ক্লাস/পিরিয়ড | চূড়ান্ত মূল্যায়নের দিন প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|---|---|
| সপ্তম | ৭.১<br>৭.২ | • যৌক্তিক সিদ্ধান্ত নেওয়া যায় কীভাবে?<br>• সম্প্রদায় | ৭.১.১<br>৭.১.২<br>৭.২.২ | ২ টি | ১ দিন |

কাজের নির্দেশনা:

- সামষ্টিক মূল্যায়নের জন্য ২টি প্রস্তুতিমূলক সেশন এবং একটি চূড়ান্ত মূল্যায়ন দিবসের প্রয়োজন হবে।
- প্রস্তুতিমূলক ১ম সেশনে শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন ও পেশাজীবি সম্প্রদায়গুলো নির্বাচন করে দিবেন। একেক দল একেকটি সম্প্রদায় অথবা সম্প্রদায়ের অভাব থাকলে একই সম্প্রদায়ের উপর আলাদা আলাদা দল কাজ করতে পারে। এক্ষেত্রে যার যার এলাকায় যেই পেশাটি অনন্য সেই সম্প্রদায়ের কাছ থেকে তথ্য নেয়া যেতে পারে। যেমন- সুন্দরবন এলাকায় মধু-সংগ্রহকারি আবার শহর অঞ্চলে নির্মাণ শ্রমিক বা পোশাক উৎপাদন শ্রমিক ইত্যাদি।
- শিক্ষক এরপর সব সম্প্রদায়ের রীতিনীতি মূল্যবোধ গুলো কেমন তা বোঝার জন্য শিক্ষার্থীদেরকে দলগতভাবে একটি প্রশ্নমালা তৈরি করতে অনুশীলন বই এর ২য়, ৩য় অধ্যায়টি পড়ে আসতে বলবেন।
- ২য় সেশনে শিক্ষার্থীরা দলে কর্ম-পরিকল্পনা তৈরি করবে ও প্রশ্ন-মালা তৈরি করবে। পরিকল্পনায় কীভাবে ও কখন তারা সম্প্রদায়ের ব্যাক্তিদের সাথে দেখা করবে, কীভাবে কথা বলবে, তথ্য সংগ্রহ করবে ইত্যাদি বিস্তারিত দিয়ে একটি কর্মপরিকল্পনার বৃত্ত তৈরি করে শিক্ষকের নিকট জমা দিবে ও আরেকটি প্রত্যেকে নিজের কাছে রেখে দিবে। তথ্য সংগ্রহ করার জন্য শিক্ষক প্রধান শিক্ষকের নিকট হতে তথ্য অনুসন্ধানের অনুমতিপত্র জোগাড় করে প্রতিটি দলকে প্রদান করবেন।
- ২য় সেশন থেকে শিক্ষার্থীরা ১ সপ্তাহ সময়ের মধ্যে তথ্য সংগ্রহের কাজ সম্পূর্ণ করবে।
- মূল্যায়ন উৎসবের দিন-
  i) প্রথম সেশনে শিক্ষার্থীরা এককভাবে খাতায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পূর্বের ও বর্তমানের রীতিনীতি মূল্যবোধের পার্থক্য চিহ্নিত করবে।
  ii) দ্বিতীয় সেশনে সক্রিয় নাগরিক ক্লাবের মাধ্যমে দলীয়ভাবে শিক্ষার্থীরা তাদের নির্দিষ্ট সম্প্রদায়ের সামাজিক সমস্যাগুলো চিহ্নিত করবে। এই ক্ষেত্রে তাদের সমস্যা নিরসনে সক্রিয় নাগরিক ক্লাব কি কি ভূমিকা পালন করতে পারে তার তালিকা করবে। তালিকাটি পোস্টারে প্রেজেন্ট করবে ও ক্লাস রুমের দেয়ালে প্রদর্শন করবে।
  iii) তৃতীয় থেকে ষষ্ঠ সেশনে এই কর্মতালিকা থেকে ক্লাসে যে কোন একটি পদক্ষেপ দলীয়ভাবে শিক্ষার্থীরা ভূমিকা-অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করবে। অভিনয় করার জন্য প্রয়োজনীয় উপাদান ক্লাসের মধ্যে যা যা উপকরন থাকবে তা ব্যবহার করতে পারবে, এছাড়া নিজেরাও পোস্টার, প্ল্যাকার্ড বা ব্যানার তৈরি করতে পারবে। প্রস্তুতি গ্রহনের জন্য শিক্ষক প্রথমে সময় দিবেন এরপর প্রতি গ্রুপ তাদের ভূমিকা-অভিনয় উপস্থাপন করবে।
- শিক্ষক কর্মপরিকল্পনার পত্র, প্রশ্নপত্র, প্রাপ্ত তথ্যের ভিত্তিতে করা রীতিনীতির পার্থক্যের কাগজ, কর্মতালিকাপত্রের পোস্টার ও ভূমিকা-অভিনয়ের ভিত্তিতে নিম্নের মূল্যায়ন রুব্রিক্স অনুসরন করে মূল্যায়ন করবেন। এই সবগুলো কাজই শ্রেনিতে শিক্ষকের সরাসরি পর্যবেক্ষণে করতে হবে, এতে করে শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর দলগত কাজে অংশগ্রহন, আগ্রহ ও পারদর্শীকার মাত্রা নিরূপণ করতে সক্ষম হবেন।

মূল্যায়ন রুব্রিক্স:

| ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন | | | |
|---|---|---|---|
| **শিরোনাম : সামাজিক অনুসন্ধান ও দায়বদ্ধতা** | | **শ্রেণি : সপ্তম** | **বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | |
| | □ | ○ | △ |
| ৭.১.১ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তেও পৌঁছাতে পারছে না এবং তার পরিবর্তনশীলতাও উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে কিন্তু তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | নির্দিষ্ট সম্প্রদায়ের ব্যাপারে শিক্ষার্থী রীতিনীতি ও মূল্যবোধের পার্থক্য করতে পারছে না। | নির্দিষ্ট সম্প্রদায়ের ব্যাপারে শিক্ষার্থী রীতিনীতি ও মূল্যবোধের পার্থক্য কিছুটা করতে পারছে। | নির্দিষ্ট সম্প্রদায়ের ব্যাপারে শিক্ষার্থী রীতিনীতি ও মূল্যবোধের পার্থক্য করতে পারছে। |
| ৭.১.২ ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে ঐসব ক্ষেত্রেও অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে না। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | স্বতঃস্ফূর্তভাবে ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের যে কোন বিষয় অনুসন্ধানে বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | তথ্য সংগ্রহের জন্য বৈজ্ঞানিক ধাপ অনুসরন করে কর্মপরিকল্পনার বৃত্ত ও প্রশ্নপত্র তৈরি করতে পারে নি | তথ্য সংগ্রহের জন্য বৈজ্ঞানিক ধাপ অনুসরন করে কর্মপরিকল্পনার বৃত্ত ও প্রশ্নপত্রের মধ্যে যে কোন একটি সঠিকভাবে তৈরি করতে পেরেছে | তথ্য সংগ্রহের জন্য বৈজ্ঞানিক ধাপ অনুসরন করে কর্মপরিকল্পনার বৃত্ত ও প্রশ্নপত্র সম্পূর্ণভাবে তৈরি করতে পেরেছে। |
| ৭.২.২ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | |
| | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রমের তালিকা করতে পারে নি। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ আংশিকভাবে তৈরি করতে পেরেছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পেরেছে। |

## শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট ১

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

# পরিশিষ্ট ২

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ৩ এর ছক ব্যবহার করে আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |

| | | | |
|---|---|---|---|
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

# পরিশিষ্ট ৩

আচরণিক সূচক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

# পরিশিষ্ট ৪

ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | |
| **শিক্ষার্থীর আইডি:** ................................ | **শ্রেণি : সপ্তম** | **বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** | **শিক্ষকের নাম :** |

## পারদর্শিতার সুচকের মাত্রা

| **পারদর্শিতার সুচক** | **শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা** | | |
|---|---|---|---|
| ৭.১.১অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | □ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে না এবং তার পরিবর্তনশীলতাও উপলব্ধি করতে পারছে না। | ○ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে কিন্তু তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে না। | △ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহারকরে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। |
| ৭.১.২ ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। | □ পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে ঐসব ক্ষেত্রেও অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে না। | ○ পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | △ স্বতঃস্ফূর্তভাবে ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের যে কোন বিষয় অনুসন্ধানে বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে |
| ৭.২.২ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | □ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে না। | ○ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে। | △ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ